মুজিবনগরে পুলিশের ঈদ সামগ্রী বিতরণ

মেহেরপুর পুলিশ সুপার এস এম মুরাদ আলীর নির্দেশে মুজিবনগর উপজেলায় বাড়ি বাড়ি গিয়ে অসহায় পরিবারের মাঝে ঈদ সামগ্রী পৌছায়ে দিয়েছেন মুজিবনগর থানা পুলিশ।

শনিবার মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম উপজেলার বিভিন্ন গ্রামে গিয়ে অসহায় কর্মহীন পরিবারের হাতে এ সকল ঈদ সামগ্রী তুলে দেন। মুজিবনগর উপজেলার প্রতিটি গ্রামে ঈদ উপহার স্বরুপ দেওয়া হবে বলে জানান ওসি আব্দুল হাসেম।

ঈদ সামগ্রী বিতরণকালে সহযোগিতা করেন এস আই মোমিনুর রহমান।

সাংবাদিক শাহীন সড়ক দুর্ঘটনায় আহত

মেহেরপুরের গাংনীতে সড়ক দুর্ঘটনায় মেহেরপুর প্রতিদিন এর সাবেক গাংনী প্রতিনিধি ও বর্তমান প্রেস হাউস ও দৈনিক দিনের খবর পত্রিকার সাংবাদিক সিদ্দিকী শাহীন মারাত্মক আহত হয়েছে।

শুক্রবার সন্ধ্যায় গাংনী চোখতোলা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

এ সময় মেহেরপুর ২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন আহত সাংবাদিক কে ঘটনাস্থল থেকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য নিয়ে আসেন।

সেখানে তাকে চিকিৎসা দেওয়া হয়।

সাংবাদিক শাহিনের হাত-পাসহ বিভিন্ন অংশ আঘাতপ্রাপ্ত হয়েছে। তার সুস্থতা কামনা করেছে মেহেরপুরের সাংবাদিকবৃন্দ সহ সুশীল সমাজ।

মেহেরপুর পৌর মেয়রের উদ্যোগে ঈদ সামগ্রী বিতরণ

মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন এর উদ্যোগে অসহায় কর্মহীন মানুষের মাঝে ঈদ সামগ্রী বিতরন করা হয়েছে।

শুক্রবার বিকেলে ঈদ -উল ফিতর উপলক্ষে মেয়র মাহফুজুর রহমান রিটন করোনা ভাইরাসের প্রভাবে কর্মহীন হয়ে পড়া মানুষের বাড়ি বাড়ি গিয়ে ঈদ সামগ্রী তুলে দেন।

মেহেরপুর পৌরসভার ৪ নম্বর ওয়ার্ডে ১হাজার পরিবারের মাঝে এই ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

এ নিয়ে মেহেরপুর পৌরসভার ১১হাজার পরিবারে কাছে পৌঁছে গিয়েছে খাদ্য সহায়তা।

জেলা যুবলীগের আহবায়ক ও মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, করোনা ভাইরাসের কারনে যে সব খেটে খাওয়া মানুষ গুলো কর্মহীন হয়ে পড়েছে তাদের মাঝে এই সামান্য উপহার খাদ্য সামগ্রী বিতরন করছি। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে করোনা ভাইরাসের প্রাদুর্ভাবের শুরু থেকেই প্রতিনিয়ত খাদ্য সামগ্রী বিতরণ করে চলছি।

তিনি আরও বলেন যতদিন করোনা পরিস্থিতি থাকবে ততদিন আমার পৌর এলাকাতে কেও না খেয়ে থাকবে না।

ত্রাণ বিতরণে সহযোগিতা করেন প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন , ৪নং ওয়ার্ড কাউন্সিলর, ২নং ওয়ার্ড কাউন্সিলর আব্দুল্লাহ আল মামুন, ৮নং ওয়ার্ড কাউন্সিলর শাকিল রাব্বী ইভানসহ যুবলীগ নেতাকর্মীরা।

মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের পক্ষে পিপিই বিতরণ করলেন এমএএস ইমন

মেহেরপুরে সাংবাদিক, পত্রিকা হকার, ইমাম ও নার্সদের মাঝে পারসোনাল প্রটেকশন ইকুইপমেন্ট(পিপিই) প্রদান করলো মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাব, ঢাকা। শুক্রবার সন্ধায় মেহেরপুর প্রতিদিন এর প্রধান কার্যালয়ে মেহেরপুর জেলা কমিউনিটি ক্লাবের সাধারণ সম্পাদক ও মেহেরপুর প্রতিদিন এর প্রকাশক এমএএস ইমন এসকল নেতৃবৃন্দের হাতে পিপিই তুলে দেন।

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের পক্ষে পিপিই গ্রহন করেন সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের পক্ষে পিপিই গ্রহন করেন প্রেস ক্লাবে অর্থ সম্পাদক জিএফ মামুন লাকি, ইমামদের পক্ষে পৌর ইমাম সমিতির সভাপতি ও হোটেল বাজার জামে মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা রোকনুজ্জামান। এসময় ১শ পিস পিপিই সেট প্রদান করা হয়। পিপিই গ্রহনকালে মাওলানা রোকনুজ্জামান বলেন, এই প্রথম ইমামরা কোন সংগঠনের পক্ষ থেকে সুরক্ষা সামগ্রী উপহার পেল।

আমরা করোনায় আক্রান্ত মৃত ব্যক্তির জানাযা ও দাফন কাজে অংশগ্রহনকারী ইমামদের মাঝে বন্টন করা হবে। পিপিই প্রদানকালে মেহেরপুর কমিউনিটি ক্লাবের সাধারণ সম্পাদক ও মেহেরপুর প্রতিদিন এর প্রকাশক এমএএস ইমন বলেন, মেহেরপুরে যারা করোনা মোকাবেলায় সামনে থেকে অংশ গ্রহন করছে তাদের সুরক্ষার জন্য মেহেরপুর কমিউনিটি ক্লাবের পক্ষ থেকে সামান্য উপহার স্বরুপ পিপিই প্রদান করা হলো। মেহেরপুর কমিউনিটি ক্লাব সব সময় মানুষের পাশে আছে ও ভবিষ্যতেও থাকবে।

গাংনীতে নারী উদ্যোক্তাদের মাঝে এমপি খোকনের ঈদ উপহার

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল গ্রামে মহিলা কৃষি ক্লাবের ১৮০ জন নারী উদ্যোক্তাদের মাঝে ঈদ উপহার তুলে দিলেন এমপি মাহমুদ সাহিদুজ্জামান খোকন।

শুক্রবার বেলা এগারোটার দিকে মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য আসাদুজ্জামান খোকন নিজস্ব অর্থায়নে এই নারী উদ্যোক্তাদের মাঝে ঈদ উপহার বিতরণ করেন। মহিলা কৃষি ক্লাবের সংগঠক মোছাম্মদ পিংকি খাতুন এর সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন এমপি পত্নী লায়লা আরজুমান বানু শিলা।

এমপি সাইদুজ্জামানের নিজ গ্রামের ১৮০ জন মহিলা কৃষি উদ্যোক্তা দের মাঝে ঈদ উপহার প্রদানকালে বলেন, পুরুষের পাশাপাশি নারীরাও কৃষি ক্ষেত্রে কৃষি উৎপাদনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। সে ক্ষেত্রে বাড়ির আঙিনা হয়ে উঠেছে একেকটি খামার। নারীরা কৃষি ক্ষেত্রে অবদান রাখায় কৃষি ও কৃষকের ব্যাপক উন্নয়ন ঘটেছে। করোনা মোকাবেলায় দেশে খাদ্য ঘাটতি যোগান দিতে 1 ইঞ্চি জায়গা যেন পড়ে না থাকে বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই বার্তাটি পৌঁছে দিচ্ছেন গাংনী উপজেলার গ্রাম থেকে গ্রামান্তরে পাড়া-মহল্লা বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মাঝে।

এমপি পত্নী লায়লা আরজুমান বানু শিলা বলেন তিনিও বাড়ির আঙ্গিনায় কীটনাশক মুক্ত সবজি আবাদ করেন। তিনি প্রত্যেক নারীকে নিজ নিজ অবস্থান থেকে কৃষিক্ষেত্রে অবদান রাখার আহ্বান জানান। ঈদ উপহার বিতরণে স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ এসময় উপস্থিত ছিলেন।

মেহেরপুরের গাংনীতে আনারুল

ইসলামের বস্ত্র বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য মোঃ আনারুল ইসলাম তার নিজ উদ্যোগে গরীব অসহায় পরিবারের মাঝে বস্ত্র বিতরণ করেছেন।

শুক্রবার সকাল দশটার সময় ইউপি সদস্য আনারুল ইসলাম এর নিজ বাসভবনে ভবানীপুর গ্রামে ২শ ৫০ জন হতদরিদ্র নারী-পুরুষের মাঝে এ বস্ত্র বিতরণ করেন। এলাকার মানুষ যেন নতুন পোশাকে পবিত্র ঈদুল ফিতর উদযাপন করতে পারে সে লক্ষ্যে বস্ত্র বিতরণের উদ্যোগ গ্রহণ করেন।

সেই সাথে প্রতিটি বিত্তবান মানুষ যেন তার প্রতিবেশীদের নতুন পোশাক কিনে দেন সে আহ্বান করেন। বস্ত্র বিতরণ অনুষ্ঠানে তার নিজ গ্রামের গন্যমান্য ব্যাক্তি ও তার পরিবারের লোকজন উপস্থিত ছিলেন।

মেহেরপুর প্রতিদিন এর পক্ষ থেকে ঈদ সামগ্রী বিতরণ

মেহেরপুর জেলার একমাত্র দৈনিক পত্রিকা মেহেরপুর প্রতিদিন এর পক্ষ থেকে দুস্থ পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

গত বৃহস্পতিবার ও শুক্রবার দুইদিন ধরে ৪৭টি অসহায় কর্মহীন পরিবারের কাছে ঈদ উপলক্ষে খাদ্য সামগ্রী ও নগদ নগদ টাকা পৌঁছে দেওয়া হয়। মেহেরপুর প্রতিদিন এর প্রকাশক এম এ এস ইমন এর উদ্যোগে এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। এসময় সার্বিক সহযোগিতা করেন মেহেরপুর প্রতিদিন এর সম্পাদক ইয়াদুল মোমিন ও মিয়া ভাই এগ্রো লিমিটেড এর ম্যানেজিং ডিরেক্টর শরিফ রেজা।

মেহেরপুরে বিএনপি নেতা জাকির এর উদ্যোগে ঈদ সামগ্রী বিতরণ

মেহেরপুর জেলা বিএনপির সদস্য ও শিক্ষক নেতা জাকির হোসেন এর নিজস্ব উদ্যোগে অসহায় কর্মহীন বিএনপি সমর্থকদের ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

শুকবার মেহেরপুর পৌর ঈদগাহ সংলগ্ন বিএনপি’র কার্যালয় থেকে এই ঈদ উপলক্ষে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। মেহেরপুর সদরে ৪শ পরিবার ও মুজিবনগর উপজেলার ২শ মোট ৬শ পরিবারের মাঝে ঈদ সামগ্রী তুলে দেওয়া হয়।

ঈদের শুভেচ্ছা হিসেবে সেমাই, চিনি, দুধ, মশলা ও সাবান বিতরণ করা হয়। এসময় সার্বিক সহযোগিতা করেন এডভোকেট মোখলেছুর রহমান স্বপন, ইসমাইল হোসেন, আলতাফ হোসেন, ডাক্তার মিলন, মনিরুল ইসলাম মনি, তোফাজ্জেল হোসেন, পারভেজ ও রোকনুজ্জামান।

মেহেরপুরে সাড়ে পাঁচ হাজার শ্রমিক কর্মচারি পেলেন প্রধানন্ত্রীর ত্রাণ সহযোগীতা।

মেহেরপুরে বাস-ট্রাক শ্রমিক, ব্যবসায়ী কর্মচারি ও আইনজীবী সহকারী ৫ হাজার ৫শ ২৩জন পাচ্ছেন প্রধানমন্ত্রীর ত্রাণ সহায়তা। শুক্রবার জেলা প্রশাসকের কার্যলয় থেকে প্রত্যেককে ১০ কেজি চাউল ও নগদ ২শ টাকা দেওয়া হচ্ছে।

এদের মধ্যে বাস শ্রমিক হচ্ছে, সদরে ১হাজার ৬শ ১১জন, গাংনীতে ১ হাজার ১৪জন, মুজবনগরে ২শ ৬০জন মোট ২ হাজার ৮শ ৮৫জন। ট্রাক শ্রমিক হচ্ছে, সদরে ১হাজার ৩শ জন, গাংনীতে ৩শ জন, মুজিবনগরে ১শ

জন। ব্যবসায়ী কর্মচারি হচ্ছে, বড় বাজারের ৫শ ৭২জন, হোটেল বাজারের ২শ ১৫জন ও আইনজীবী সহকারী ১শ ৫১জন।

চলমান করোনা পরিস্থিতিতে এইসব শ্রমিক কর্মচারিরা প্রায় ২মাস ধরে কর্মহীন হয়ে আছে। এর আগেও মটর শ্রমিকদের প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে খাদ্য সামগ্রী দেওয়া হয়েছিল। আসন্ন ঈদ-উল ফিতরের কারনে পুনরায় ১০ কেজি চাউল ও নগদ ২শ টাকা করে দেওয়া হচ্ছে।

মেহেরপুর সদরে আম্ফানে ক্ষতিগ্রস্থ ১৩টি শিক্ষা প্রতিষ্ঠানে

মেহেরপুর সদর উপজেলায় সুপার সাইক্লোন আম্ফানের তান্ডবে ক্ষতিগ্রস্থ হয়েছে ১৩টি শিক্ষা প্রতিষ্ঠান। ঝড়ের কবলে পড়ে ভেঙে পড়েছে পাকা ও আধাপাকা বেশ কিছু শ্রেনী কক্ষ।

ক্ষতিগ্রস্থ শিক্ষা প্রতিষ্ঠান গুলোর মধ্যে রয়েছে কুলবাড়িয়া দাখিল মাদ্রাসা, আশরাফপুর দাখিল মাদ্রাসা, বরিয়ারপুর মাধ্যমিক বিদ্যালয়, চকশ্যামনগর মাধ্যমিক বিদ্যালয়, শ্যামপুর শালিকা মাধ্যমিক বালিকা বিদ্যালয়, পিরোজপুর মাধ্যমিক বিদ্যালয়, সবিধপুর মাধ্যমিক বিদ্যালয়, বাড়িবাকা সীমান্ত মাধ্যমিক বালিকা বিদ্যালয়, হরিরামপুর মাধ্যমিক বিদ্যালয়, শোলমারী মাধ্যমিক বালিকা বিদ্যালয়, গোপালপুর মাধ্যমিক বিদ্যালয়, ঝাউবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়, আর আর মাধ্যমিক বিদ্যালয়।

সদর উপজেলার ১৩টি শিক্ষা প্রতিষ্ঠানে প্রায় ১৭ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে নিশ্চিত করেছে উপজেলা শিক্ষা অফিস। উপজেলা একাডেমীক সুপারভাইজার আনারুল ইসলাম জানান, মেহেরপুর সদর উপজেলায় ঘূর্নিঝড় আম্ফানের প্রভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে ১৩টি শিক্ষা প্রতিষ্ঠান। আমরা ক্ষতিগ্রস্থ শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা করে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর প্রেরন করেছি। যতদ্রুত সম্ভব ক্ষতিগ্রস্থ শিক্ষা প্রতিষ্ঠান গুলো মেরামত করা হবে।